দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 24 APR 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ......

# শিক্ষায় দৃষ্টিভঙ্গীর পরিবর্তন আনতে হবে॥ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তুলতে হবে। এজন্য বই পড়ার কোন বিকল্প নেই। কাগজ বা ইন্টারনেট যে ফরম্যাটেই হোক; বই পড়াটাই গুরুত্বপূর্ণ। এখন দেশের প্রায় শতভাগ শিশু স্কুলে যায়। পাঠ্যবইয়ের বাইরে বই পড়ার সুযোগ সৃষ্টির প্রধান চ্যালেঞ্জ এই শিশুদের স্কুলে ধরে রাখা। শনিবার বিশ্বসাহিত্য কেন্দ্রে ইউনেস্কো ঘোষিত বিশ্ব বই ও কপিরাইট দিবসের অনুষ্ঠানে 'বাংলাদেশে পাঠাভ্যাস উন্নয়ন ঃ অগ্রগতি ও করণীয়' শীর্ষক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি ও পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচীর টিম লিডার অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা সচিব সোহরাব হোসেন, সংস্কৃতি সচিব আকতারী মমতাজ, শিক্ষা বিষয়ক প্রকল্প সেকায়েপের পরিচালক ড. মাহামুদ-উল-হক ও যুগ্মসচিব মোঃ মনজুর হোসেন। পাঠাভ্যাস বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইআরই) অধ্যাপক ড. এএম মাসুদুজ্জামান।

অনুষ্ঠানে নুরুল ইসলাম নাহিদ বলেন, শিক্ষা হচ্ছে সবচেয়ে বড় বিনিয়োগ। কারণ শিক্ষা এবং জ্ঞান অর্জন জীবনভর অব্যাহত রাখা যায়। কিন্তু আমরা সবচেয়ে কম ব্যয় করি শিক্ষায়। এ অবস্থার পরিবর্তনের জন্য শিক্ষার প্রতি আমাদের মনোভাব ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন আনতে হবে।